



একই স্মারক ও তারিখের ছাড়াভিত্তিক
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.৫১

তারিখ : ১৮/০১/২০২১ খ্রি.


অফিস আদেশ

চুনারুঘাট সরকারি কলেজ, চুনারুঘাট, হবিগঞ্জ-এর অধ্যক্ষ প্রফেসর অসিত কুমার পাল (আইডি নং-৪১৭৫) অবসরজনিত কারণে ৩১/১২/২০২০ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা অর্থনীতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোহা: ইমরুল কবির (আইডি নং-২১৮৩৭) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে জনাব মোহা: ইমরুল কবির (আইডি নং-২১৮৩৭)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। কলেজের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তাঁকে প্রাতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহে স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সার্বসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিয়াম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতায় থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১৮/০১/২০২১
(মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন নং- ৯৫৬০২৬৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) জনাব মোহা: ইমরুল কবির (আইডি নং-২১৮৩৭), চুনারুঘাট সরকারি কলেজ, চুনারুঘাট, হবিগঞ্জ;
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৭) সংরক্ষণ নথি।